# বারিধারা ডিওএইচএস পরিষদ
# ঢাকা সেনানিবাস

## এড-হক কমিটির ২য় সভার কার্যবিবরণী

১। উপস্থিতি ঃ সর্বমোট ১১ জন সদস্য উপস্থিত ছিলেন। সদস্যদের নামের তালিকা সংযুক্ত।

২। মেজর জেনাঃ কাজী আশফাক আহমেদ, পিএসসি (অবঃ) প্রেসিডেন্ট, এড-হক কমিটি, উক্ত সভায় সভাপতিত্ব করেন।

৩। পরম করুনাময় আল্লাহ্ তালার নাম স্বরন করিয়া সভার কার্যক্রম শুরু হয়। অত্র সভার আলোচ্যসূচী ও সিদ্ধান্ত নিম্নরূপ ঃ

| বিষয় | কার্যক্রম |
|---|---|
| **আইটেম -০১ ঃ এড-হক কমিটির ১ম সভার কার্যবিবরনী অনুমোদন ঃ** | |
| ৪। গত ১১ ফেব্রুয়ারী ২০১৫ তারিখে অনুষ্ঠিত এড-হক কমিটির ১ম সভার কার্যবিররনী এড-হক কমিটির সেক্রেটারী অত্র সভায় উপস্থাপন করেন। উক্ত কার্যবিবরনী সঠিক বলিয়া অনুমোদন করার জন্য কর্ণেল মোহাম্মদ ওয়ালী উল্লাহ (অবঃ) প্রস্তাব করেন এবং ব্রিগেঃ জেনাঃ মোঃ আবুল হাসিম খান, এনডিসি, পিএসসি (অবঃ) সমর্থন করেন। এমতাবস্থায়, উক্ত কার্যবিবরণী সর্ব-সম্মতিক্রমে অনুমোদিত হয়। | |
| **আইটেম - ২ ঃ ক্যান্টনমেন্ট বোর্ডকে ডিওএইচএস এর তথ্য প্রদান - সকল আয় ও ব্যয়ের খাত ও হার।** | |
| ৫। এড-হক কমিটির ট্রেজারার 'ক্যান্টনমেন্ট বোর্ডকে ডিওএইচএস এর তথ্য প্রদান- সকল আয় ও ব্যয়ের খাত ও হার' সভায় উপস্থাপন করেন। পত্রে উল্লেখিত তথ্য সমূহ সঠিক বিবেচিত হওয়ায় সর্ব-সম্মতিক্রমে উহা অনুমোদিত হয় এবং ক্যান্টনমেন্ট বোর্ডে উক্ত প্রতিবেদন প্রেরণ করার সম্মতি প্রদান করা হয়। | সেক্রেটারী |
| **আইটেম - ৩ ঃ কনভেনশন সেন্টারের গৃহকর নির্ধারণ প্রসংগে।** | |
| ৬। এড-হক কমিটির সেক্রেটারী অত্র দপ্তরের পত্র নং ডিওএইচএস-বা/২০৮/ কনভেনশন সেন্টার, তারিখ ২২ ফেব্রুয়ারি ২০১৫ সভায় উপস্থাপন করেন। পত্রে উল্লেখিত তথ্য সঠিক বলিয়া প্রতিয়মান হওয়ায় মাননীয় সভাপতি বিষয়টি ক্যান্টনমেন্ট বোর্ড এর সংশ্লিষ্ঠ কর্মকর্তার সাথে যোগাযোগ করে মীমাংশা করার জন্য নির্দেশ দেন। | সেক্রেটারী<br>ও<br>ট্রেজারার |
| **আইটেম - ৪ ঃ ট্রানজিট ক্যাম্প হতে ডিওএইচএস এলাকায় রিক্সা চলাচলের নীতিমালা ও চুক্তিপত্র অনুমোদন প্রসংগে।** | |
| ৭। ট্রানজিট ক্যাম্প হতে ডিওএইচএস এলাকায় রিক্সা চলাচলের একটি নীতিমালা ও খসড়া চুক্তিপত্র প্রনয়নের জন্য এড-হক কমিটির ১ম সভায় একটি কমিটি গঠন করা হয়। কমিটি তাদের লিখিত প্রস্তাব অত্র সভায় উপস্থাপন করেন। বিষয়টি বিষদভাবে আলোচনা করা হয় এবং নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহিত হয় ঃ-<br>ক। সর্বাধিক ১৫০টি রিক্সা প্রবেশের অনুমতি প্রদান করা হবে। সুপারিশক্রমে কোন রিক্সাকে কটি প্রদান করা হবে না।<br>খ। রিক্সা প্রবেশের অনুমতি নিম্নের যে কোন একটি পদ্ধতি অনুসরন করে প্রদান করা যেতে পারে :-<br>(১) কটির ধার্যকৃত মূল্য প্রদান পূর্বক সরাসরি ১৫০ জন রিক্সা চালককে কটি | |

প্রদান করা যেতে পারে।

(২) দ্বিতীয়ত : প্রতি কটি বাবদ দৈনিক রিক্সা প্রতি ৫০.০০ টাকা ধার্য করে দরপত্র আহবান করা যেতে পারে। কোন রিক্সা চালকদের কাছ থেকে ঠিকাদার কোন অবস্থাতেই দৈনিক প্রতি রিক্সা থেকে ৫০.০০ টাকার বেশি গ্রহন করতে পারবেনা। এমতাবস্থায়, যে দরপত্র প্রদানকারী ডিওএইচএসকে সর্বোচ্চ অর্থ প্রদান করতে সম্মত হবে তাকেই চুক্তি প্রদান করা যেতে পারে। তবে সুবিধাজনক মনে হলে ২/৩ জনকেও চুক্তি প্রদান করা যেতে পারে। — রিক্সা চলাচলে কমিটি

৮। উপরোক্ত বিষয়গুলি আরও বিচার বিশ্লেষন করে পুনরায় চূড়ান্ত সুপারিশনামা অতিসত্ত্বর উপস্থাপন করার জন্য উপরে উল্লেখিত কমিটিকে অনুরোধ করা হয়।

**আইটেম - ৫ ঃ বিবিধ বিষয়।**

৯। **চুক্তিনামা নবায়ন ঃ** পরিষদের নিম্নলিখিত ৪টি চুক্তিনামার মেয়াদ উত্তীর্ণ হয়ে গেছে। উক্ত চুক্তিনামাগুলি যথাশীঘ্র নবায়ন করার সিদ্ধান্ত হয়। — মেম্বার সিকিঃ এ এ্যাডমি

(ক) পুরাতন কাগজ ও পুরাতন/অকোজো আসবাব পত্র ক্রয়ের চুক্তিপত্র।
(খ) গার্বেজ অপসারণ চুক্তিপত্র।
(গ) ডিওএইচএস এ টুকটুকি চলাচলের চুক্তিপত্র।
(ঘ) ডিওএইচএস এ রিক্সা চলাচলের চুক্তিপত্র।

১০। **কমিউনিটি হলের কক্ষ বিন্যাস করণ** ঃ পরিষদের অফিস একই রুমে হওয়ায় কাজের বিঘ্ন ঘটে। এমতাবস্থায়, ট্রেজারার অফিস ৪র্থ তলার উত্তর পার্শ্বের ১ম কক্ষে স্থানান্তর করার সিদ্ধান্ত হয়। এছাড়াও উক্ত ৩লার দক্ষিন পার্শ্বের ফিটনেস সেন্টারের জন্য চিহ্নিত কক্ষটির আর কোন প্রয়োজন না থাকায় উহা পার্টি রুম হিসাবে রূপান্তর করার জন্য কর্ণেল ওয়ালী উল্লাহ (অবঃ) প্রস্তাব করেন। নীতিগত ভাবে উক্ত প্রস্তাব গ্রহনযোগ্য বিবেচনা করে চুড়ান্ত সিদ্ধান্তের জন্য একটি পূর্নাঙ্গ নীতিমালা প্রনয়নের জন্য কর্ণেল ওয়ালী উল্লাহ (অবঃ) কে অনুরোধ করা হয়। — ট্রেজারা

১১। **এ্যাম্বুলেন্স ড্রাইভার ঃ** পরিষদের এ্যাম্বুলেন্স এর জন্য দুই জন্য ড্রাইভার থাকায় উক্ত ড্রাইভার সংখ্যা নিয়ে সভায় আলোচনা হয়।

**সিদ্ধান্ত ঃ** পূর্বের ন্যায় বর্তমানে পরিষদে এ্যাম্বুলেন্সের জন্য একজন ড্রাইভার যথেষ্ট। এমতাবস্থায় আগামী ১ এপ্রিল ২০১৫ হতে ড্রাইভার মোঃ লিটন সরদারকে চাকুরি হতে অব্যাহতি দেয়া হবে। অতঃপর একজন ড্রাইভার এম্বুলেন্সের দায়িত্ব পালন করবে। ড্রাইভার ছুটি অথবা অন্য কারনে অনুপস্থিত থাকলে তদস্থলে একজন দক্ষ ড্রাইভারকে অস্থায়ীভাবে উক্ত সময়ের জন্য চুক্তি ভিত্তিক নিয়োগ দেয়া হবে। — সেক্রেট

১২। **অসুস্থতার কারনে চিকিৎসা বাবদ অনুদান প্রদান ঃ** ফিটনেস সেন্টারে নিয়োজিত ট্রেনার মোসাঃ তাহমিনা আক্তার ব্রেষ্ট টিউমারে আক্রান্ত। সে আর্থিক সাহায্য চাহিয়া পরিষদের নিকট আবেদন করেছে। — সেক্রেট

**সিদ্ধান্ত ঃ** বিষয়টি বিবেচনা করে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত হয় যে, পরিষদের প্লট ও ফ্ল্যাট মালিকদের নিকট সাহায্য চাহিয়া একটি পত্র লিখা হউক এবং পাপ্ত অর্থ মোসা তাহমিনা আক্তারকে প্রদান করা হউক।

১৩। **পরিষদের যাবতীয় তহবিলের মাসিক আয়-ব্যয় হিসাব বিবরনী উপস্থাপন ঃ** পরিষদের সকল তহবিলের মাসিক আয়-ব্যয় হিসাব বিবরনী উপস্থাপন সম্পর্কে সভায় আলোচনা হয়।

**সিদ্ধান্ত ঃ** এখন হতে প্রতি মাসের সকল তহবিলের মাসিক আয়-ব্যয় হিসাব বিবরনী মাসের প্রথম ইসি সভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়। — ট্রেজারা

| | |
|---|---|
| ১৪। **<u>অর্থের চাহিদা ও অর্থ প্রদান পদ্ধতি ঃ</u>** সভার আলোচনা মোতাবেক টাকা উত্তোলনের জন্য নিম্নের পদ্ধতি ব্যবহার করার বিষয় সিদ্ধান্ত গ্রহন করা হয় ঃ<br><br>ক। যে কোন কাজের চাহিদা প্রেরনের সাথে কাজের যথাযোগ্য পূর্ণ বিবরন প্রদান করতে হবে।<br><br>খ। Demand Book এ অনুমোদন কর্তৃপক্ষ কর্তৃক (Secretary ও সভাপতি) অনুমোদন হওয়ার পূর্বে কোন নগদ অর্থ প্রদান করা হবে না।<br><br>গ। কেবল Emergency এর ক্ষেত্রে অনুমোদন কর্তৃপক্ষ (Secretary ও সভাপতি) মহোদয়ের মৌখিক অনুমতির পর চাহিদাকারি Cash Requisition এর মাধ্যমে চাহিদা করিবেন। উক্ত চাহিদা Treasurer এর স্বাক্ষরান্তে/মৌখিক নির্দেশে নগদ অর্থ প্রদান করা হবে। তবে তা সর্বোচ্চ অনুমোদন কর্তৃপক্ষকে দেয়া ক্ষমতার অঙ্কের টাকার বেশি হবে না।<br><br>ঘ। সাধারন ভাবে সকল চাহিদা Demand Book এর মাধ্যমে অনুমোদনের পর সকল চাহিদার মোট অঙ্কের টাকা ১টি চেকের মাধ্যমে ব্যাংক হতে উত্তোলন পূর্বক সকলকে Receipt voucher এর মাধ্যমে টাকা পরিশোধ করা হবে। | ট্রেজারার |
| ১৫। **<u>সিকিউরিটি ব্যারাকের কোনায় অবস্থিত ইলেকট্রিক বিদ্যুৎ খাম্বা হতে ফিটনেস সেন্টারে বিদ্যুৎ সংযোগ।</u>**<br>শিশুপার্কে অবস্থিত ফিটনেস সেন্টারে বিদ্যুৎ সংযোগ প্রদান করা অতি জরুরী। এ বিষয়ে বিশদ আলাপ আলোচনা করা হয় এবং সংযোগ গ্রহনের জন্য যথাযথ কার্যক্রম গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ব্রি: জেনা: আবুল হাশেম |
| ১৬। **<u>কনভেনশন সেন্টারের জন্য স্থায়ীভাবে আলোকসজ্জা স্থাপন করন ঃ</u>** কনভেনশন সেন্টারের আলোকসজ্জা বর্তমানে ঠিকাদার কর্তৃক করা হচ্ছে। এ জন্য প্রতি হল বুকিং এর সাথে দশ হাজার টাকা পরিশোধ করতে হয়। উক্ত আলোকসজ্জার কাজ পরিষদ কর্তৃক করা হলে ব্যবহারকারীদেরকে আরও সাশ্রয়ী মূলে ভাড়া দেয়া যাবে। এতে আমাদের সদস্যগণ উপকৃত হবে। | |
| <u>সিদ্ধান্ত ঃ</u> উক্ত প্রস্তাবটি নীতিগত ভাবে গৃহীত হল। তার চুড়ান্ত সিদ্ধান্তের জন্য একটি কার্য পদ্ধতি ও পূর্নাঙ্গ প্রস্তাব উপস্থাপন করার জন্য কর্ণেল ওয়ালী উল্লাহ (অবঃ) কে অনুরোধ করা হল। | ট্রেজারার |

১৭। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় মিটিং এ উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শেষ করেন।

মেজর জেনাঃ কাজী আশফাক আহমেদ, পিএসসি (অবঃ)
সভাপতি

তারিখ ঃ ১২ মার্চ ২০১৫

লেঃ কর্ণেল মোঃ আবদুল খালেক, পিএসসি (অবঃ)
সেক্রেটারী

তারিখ ঃ ১২ মার্চ ২০১৫

কার্যক্রম ঃ

এড-হক কমিটির সদস্যগণ